

হোম পেজ
দ্বিতীয় সংস্করণ
প্রথম পাতা
শেষ পাতা
শিল্প-বাণিজ্য
খেলাধুনা
বিশ্ব সংবাদ
সম্পাদকীয়
দৃষ্টিকোণ
চিঠিপত্র
রাজধানী
আইটি বর্ষার
অন্যান্য
বিনোদন প্রতিদিন
প্ৰিন্ট সংস্করণ
রাশিফল
আয়োজন
শ্রেণীবদ্ধ বিজ্ঞাপন
টুট্টা
শ্রেণীবদ্ধ বিজ্ঞাপন
বিভাগীয় খবর
ঢাকা
চট্টগ্রাম
বরিশাল
খুলনা
রাজশাহী
আজকের ফিচার
মাটি ও মানুষের কৃষি

ই-বিজনেজ ওয়েবসাইট বায়ারএক্সপো

।। ইত্তেফাক রিপোর্ট ।।

যুক্তরাষ্ট্র তিরিক্ত তথ্যপ্রযুক্তি সেবাদাতা প্রতিষ্ঠান বায়ারএক্সপো ইউ এস এ ইনক এর বাংলাদেশি সহযোগী প্রতিষ্ঠান আমেরিকান ই-কমার্স সেন্টার (এ ই সি সি) ১১ জুলাই, স্থানীয় একটি হোটেলে বায়ারএক্সপো ডট কম-এর পরিচিতিমূলক এক সাংবাদিক সম্মেলনের আয়োজন করে। খালেদা সুলতানা তুহিন, নিবাহী সচিব, আমেরিকান ই-কমার্স সেন্টার (এ ই সি সি) সম্মেলনে বায়ারএক্সপো ডট কম-এর বিভিন্ন কার্যক্রম এবং বাংলাদেশের আর্থসামাজিক উন্নয়নে বায়ারএক্সপো ডট কম -এর ভূমিকা সম্পর্কে সাংবাদিকদের সামনে বিস্তারিত তুলে ধরেন। তিনি বলেন, www.buyerXpo.com এমন একটি অন্যতম সেরা অনলাইন স্টোর যেখানে আছে বিশ্বস্ত আন্তর্জাতিক ক্রেতা ও বিক্রেতা, উদ্যোক্তা, ট্রেড এলার্ট সার্ভিস, অনলাইন পণ্য এবং বিক্রয়োত্তর সেবা। www.buyerXpo.com - একটি ই-বিজনেজ ওয়েবসাইট হিসাবে সারা পৃথিবীব্যাপী B2B, B2C ও C2C কার্যক্রম পরিচালনা এবং রক্ষণাবেক্ষণ করে।

বিশ্বব্যাপী অনলাইন মার্কেটিং-এর ক্ষেত্রে সব ধরনের তথ্যপ্রযুক্তি তথা ডিজিটাল স্টোরেজ ফ্যাসিলিটিজ এবং অবকাঠামোগত সুবিধাসমৃদ্ধ এ ওয়েবসাইটটি যেহেতু সরাসরি যুক্তরাষ্ট্র থেকে পরিচালিত, তাই এখানে পণ্যের মূল্য তুলনামূলকভাবে খুবই কম। এটা একটা অনন্যসাধারণ সেবা, যার মূল লক্ষ্য ক্রেতা ও বিক্রেতার মধ্যে সেতুবন্ধন তৈরীসহ বিক্রেতাকে তার কাঙ্ক্ষিত আন্তর্জাতিক ক্রেতা পাইয়ে দিতে সাহায্য করা। এক্ষেত্রে বিশেষ করে বাংলাদেশি রপ্তানিকারকরা অধিকতর সুবিধা ভোগ করবে। উন্নয়নশীল দেশগুলো আন্তর্জাতিক ক্রেতার জন্য অপেক্ষা করে এবং অপেক্ষা করতে করতে অবশেষে ক্রেতা না পাওয়ার কারণে এক সময় হতাশ হয়ে পড়ে। এক্ষেত্রে buyerXpo.com বিজ্ঞাপন/প্রচারণা এবং গণসচেতনতা তৈরীর মাধ্যমে যদি বাংলাদেশের স্ব স্ব কোম্পানীগুলোর অবস্থান তুলে ধরে তাহলে অবশ্যই তারা একসময় আর্থহী ক্রেতার সন্ধান পাবে। সাথে সাথে buyerXpo.com আন্তর্জাতিক ক্রেতাদেরকে স্বল্প মূল্যে উন্নতমানের পণ্য সরবরাহকারী/বিক্রেতার সন্ধান জানাতে পারে। বিশ্বে অনেক ছোট এবং বড় বড় ক্রেতা রয়েছেন যারা জানেন না যে, তারা কোথা থেকে খুব কম দামে গুণগত মানসম্পন্ন পণ্য ও সেবা পেতে পারেন। একইভাবে, অনেক পণ্য সরবরাহকারী রয়েছে যারা যথার্থ ক্রেতার সন্ধান জানেন না। এক্ষেত্রে buyerXpo.com -এর ট্রেড এলার্ট সার্ভিস বিশেষ ভূমিকা পালন করবে।

buyerXpo.com -এর লক্ষ্য হলো বিশ্বের সকল ব্যবসাকে একই সূত্রে গেঁথে বা একই প্ল্যাটফর্মে

এনে বিশ্বব্যাপী বিস্তৃত করা। যাতে বিশ্বের প্রত্যেক শহর, নগর ও বন্দরের ব্যবসা প্রতিষ্ঠানগুলো buyerXpo.com -এর তালিকাতুক্ত হতে পারে।

এ ওয়েবসাইটের মাধ্যমে ক্রেতা তার পছন্দমত উপযুক্ত উৎপাদনকারী এবং রপ্তানিকারীকে সহজেই খুঁজে নিতে পারবে এবং সারা বছরব্যাপী ক্রেতা তার আনদানী কার্যক্রম পরিচালনা করতে পারবে। buyerXpo.com বাংলাদেশী বিক্রেতা এবং ক্রেতাদেরকে দু'ভাবে সাহায্য করবে। প্রথমতঃ, বিক্রেতারা তাদের কাঙ্ক্ষিত বিদেশী ক্রেতা খুঁজতে পারবে, যোগাযোগ করতে পারবে এবং তারা তাদের ইচ্ছামতো ক্রয়-বিক্রয়ও করতে পারবে। দ্বিতীয়তঃ, নিলাম এবং অনলাইন পণ্য মেলা (ট্রেড শো)। যার সাহায্যে বিক্রেতা ইচ্ছা করলে তার নির্দিষ্ট পণ্যকে বিক্রয়ের জন্য একই সাথে নিলামের আওতায় রাখতে পারবে। আবার সেই পণ্যকে সরাসরি নির্দিষ্ট মূল্যে বিক্রয়ও করতে পারবে।

অনুষ্ঠানে আরো প্রেষ্ণা প্রদান করেন যুক্তরাষ্ট্র থেকে আগত বায়ারএক্সপো ইউ এস এ ইনক-এর ভাইস প্রেসিডেন্ট শাহীন আরা ফেরদৌসী, এ ই সি সি-এর পরিচালক পি.এম. খালেদ ফারুক, প্রকল্প পরিচালক সাহিফুল ইসলাম, বায়ারএক্সপো ডট কম-এর মডেল গার্ল সুপ্রভা ফেরদৌসী এবং ব্যবস্থাপনা পরিচালক উম্মে সাইফুল্লাহার।